

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 09 May, 2025

চট্টগ্রামের কর্ণফুলী উপজেলায় যুবলীগ ও ছাত্রলীগের তিন নেতাকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। বৃহস্পতিবার (৮ মে) রাতে অভিযান চালিয়ে নিজ নিজ বাড়ি থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

তারা হলেন, উপজেলার চরপাথরঘাটা ২নং ওয়ার্ড আজিপুর রহমানের বাড়ির আব্দুল নবীর ছেলে আরমান হোসাইন (৩০), জুলধা ইউনিয়নের ৫নং ওয়ার্ডের ইয়াছিনের ছেলে নূর উদ্দিন কাজল (২৮) এবং পশ্চিম সেন্নার বাড়ি এলাকার মনির আহম্মেদের ছেলে নূর মোহাম্মদ নাঈম (৩৬)।

পুলিশ জানায়, গ্রেপ্তারদের মধ্যে আরমান যুবলীগের সংগঠক, কাজল নিষিদ্ধ ছাত্রলীগের কর্ণফুলী এ জে চৌধুরী কলেজের সাবেক সাংগঠনিক সম্পাদক এবং নাঈম জেলা ছাত্রলীগের সাবেক মুক্তিযোদ্ধা ও গবেষণা বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করছেন।

গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে কর্ণফুলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ শরীফ জানান, গ্রেপ্তারদের বিরুদ্ধে জুলাই-আগস্টে ছাত্র আন্দোলনে নাশকতার অভিযোগ রয়েছে। পরবর্তী আইনানুগ ব্যবস্থা হিসেবে তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

যুবলীগ ছাত্রলীগ গ্রেপ্তার

Generated on 26 June, 2025 05:11

URL: <https://timestodaybd.com/chittagong/7758072197>